

ফেরেশতারা আরয করলোঃ
হে আল্লাহ! আপনার এক বান্দাহ্
এমন একটি কলেমা (বাক্য) পাঠ করেছে
যার সওয়াব আমরা কি লিখব বুঝতে পারছি না

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ **ফেরেশতারা আরয
করলোঃ হে আল্লাহ! আপনার এক বান্দাহ্ এমন একটি কলেমা
(বাক্য) পাঠ করেছে যার সওয়াব আমরা কি লিখব বুঝতে পারছি
না।**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ১ ফাতিহা, আয়াতঃ ১

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

অর্থঃ আল্লাহর জন্য সমস্ত প্রশংসা যিনি বিশ্বজগতের রাব্ব।

একটি হাদীস ইবনে মাযাহ্ ২/১২৪৯

হযরত ইবনে উমার(রাঃ) হতে বর্ণিত। রাসুলুল্লাহ(সাঃ) বলেছেন,
একদা এক ব্যক্তি এই কলেমা (বাক্য) পাঠ করলঃ

يَا رَبِّ لَكَ الْحَمْدُ كَمَا يَنْبَغِي لِجَلَالِ وَجْهِكَ وَلِعَظِيمِ سُلْطَانِكَ

অর্থঃ হে আমার রাক্ব! তোমার বিশাল ক্ষমতা এবং মহান স্বত্তার মর্যাদানুসারে তোমার জন্যই সমস্ত প্রশংসা।

এতে ফেরেশতারা সওয়াব লেখার ব্যাপারে কিংকর্তব্যবিমুঢ় হয়ে পড়লেন। অবশেষে তারা আল্লাহর নিকট আরঘ করলেনঃ

আপনার এক বান্দাহ্ এমন একটি কলেমা(বাক্য) পাঠ করেছে যার সওয়াব আমরা কি লিখব বুঝতে পারছি না। বিশ্বপ্রভু সবকিছু জানা সত্ত্বেও জিজ্ঞেস করলেনঃ সে কি কথা বলেছে? তারা বললেনঃ সে এই কলেমা বলেছে। তখন আল্লাহ বললেনঃ সে যা বলেছে তোমরা হুবহু তাই লিখে নাও। আমি তার সাথে সাক্ষাতের সময় নিজেই তার যোগ্য প্রতিদান দিব।

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা বেশী বেশী **الْحَمْدُ لِلَّهِ** বলে আল্লাহর প্রশংসা করি।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ